


যুগান্তর

খুলনায় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

বিদ্যমান ব্যবস্থার মধ্যেই মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে

প্রকাশ : ১১ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 খুলনা ব্যুরো

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এমপি বলেছেন, প্রাথমিক শিক্ষার বিদ্যমান ব্যবস্থার মধ্য থেকেই মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে। এজন্য প্রশিক্ষণলব্ধ জ্ঞানের পাশাপাশি নিজস্ব উদ্ভাবনী কৌশল কাজে লাগাতে হবে।

মন্ত্রী শনিবার খুলনাস্থ বাংলাদেশ নৌবাহিনী স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে ‘যোগাযোগ ও সামাজিক উদ্বুদ্ধকরণ’ বিষয়ক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান, খুলনা বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিচালক (পলিসি ও অপারেশন) বিজয় ভূষণ পাল। সভাপতিত্ব করেন অতিরিক্ত মহাপরিচালক মো. রমজান আলী। স্বাগত বক্তৃতা করেন খুলনা বিভাগীয় উপপরিচালক মো. ওয়ালিউল ইসলাম। উপস্থিত ছিলেন মন্ত্রীর একান্ত সচিব আতাহার হোসেন ও নৌবাহিনী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ক্যাপ্টেন এম কামাল নাসের।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।